তারিখ ... 21 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬-৭

প্রথম আলো

# ঢাকার সরকারি স্কুলে ভর্তির আবেদন শুরু ৩০ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা মহানগরের ৩৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে (তিনটি ফিডার শাখাসহ) ২০১৭ সালের ভর্তির আবেদন কার্যক্রম অনলাইনে শুরু হবে ৩০ নভেম্বর রাত থেকে। ওই দিন রাত ১২টা ১ মিনিট থেকে ১২ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত আবেদন করা যাবে। বিদ্যালয় থেকে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না।

গতকাল রোববার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে। http ://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে ব্রাউজ করে আবেদন করা যাবে। প্রতিটি আবেদনের জন্য টেলিটক প্রি-পেইড মুঠোফোন নম্বর থেকে খুদে বার্তার মাধ্যমে ১৫০ টাকা দিতে হবে।

এবারও বিদ্যালয়গুলোকে তিনটি গ্রুপে ভাগ করে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম করা হবে। কোনো শিক্ষার্থী একই গ্রুপে কেবল একটি বিদ্যালয়ে আবেদন করতে পারবে। মাউশির একজন উপপরিচালক *প্রথম আলো*কে বলেন, একজন শিক্ষার্থী চাইলে তিনটি গ্রুপের তিনটি বিদ্যালয়ে আবেদনের সুযোগ পাবে।

মাউশির বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রথম শ্রেণিতে ভর্তির জন্য লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হবে ২৪ ডিসেম্বর। জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণিতে ভর্তির জন্যও শিক্ষার্থী বাছাই হবে ২৪ ডিসেম্বর। আর বিদ্যালয়গুলোকে তিনটি গ্রুপে ভাগ করে দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ভর্তির জন্য লিখিত পরীক্ষা হবে। এর মধ্যে 'এ' গ্রুপের পরীক্ষা হবে ১৭ ডিসেম্বর, 'বি' গ্রুপের ১৮ ডিসেম্বর এবং 'সি' গ্রুপের পরীক্ষা হবে ১৯ ডিসেম্বর। ভর্তি পরীক্ষার বিষয়, তারিখ-সময় ও স্থান প্রবেশপত্রে উল্লেখ থাকবে।